Cambridge শহরের নির্বাচন কমিশনারের বোর্ড

51 Inman Street, Cambridge, MA 02139 ▪ ফোন: 617-349-4361
ফ্যাক্স: 617-349-4366 ▪ ইমেইল: elections@cambridgema.gov

**কমিশনারগণঃ**
Ethridge A. King, Jr.
Larry W. Ward
Charles J. Marquardt
Thomas J. Stohlman, Jr.

**নির্বাহী পরিচালক:**
Tanya L. Ford

**সহকারী পরিচালক:**
Lesley Waxman

প্রিসর্টেট STD
মার্কিন ডাক
পরিশোধিত
CAMBRIDGE MA
আদেশপত্র নং 58215

আবাসিক গ্রাহক
Cambridge, MA

**সেপ্টেম্বর 3, 2024 স্টেট প্রাইমারির জন্য ELECTION COMMISSION (নির্বাচন কমিশন) এর 24-ঘন্টাব্যাপী অফিসিয়াল ব্যালট ড্রপ বাক্সের স্থান**

## প্রধান ড্রপ বাক্সের স্থান

**নিম্নলিখিত স্থান শুক্রবার, আগস্ট 9, 2024 থেকে নির্বাচনের দিন, মঙ্গলবার, সেপ্টেম্বর 3, 2024 পর্যন্ত খোলা থাকবে। এই ড্রপ বক্সের স্থানটি শুধুমাত্র নির্বাচনের দিন, সেপ্টেম্বর 3, 2024 তারিখ খোলা থাকবে।**

**Coffon ভবন**
*51 Inman Street*
সামনের প্রবেশপথের ডানদিকে

## স্যাটেলাইট ড্রপ বাক্সের স্থান

**নিম্নলিখিত স্থানসমূহ শুক্রবার, আগস্ট 9, 2024 থেকে নির্বাচনের দিন, সোমবার, সেপ্টেম্বর 2, 2024 পর্যন্ত খোলা থাকবে। সেপ্টেম্বর 3, 2024 নির্বাচনের দিন স্যাটেলাইটের স্থানসমূহ খোলা থাকবে না।**

**City Hall**
*795 Massachusetts Avenue*
পিছনের দরজার কাছে

**Morse স্কুল**
*40 Granite Street*
সামনের প্রবেশপথের কাছে

**Cambridge Police Headquarters (কেমব্রিজ পুলিশ সদর দপ্তরসমূহ)**
*125 6th Street*
ভবনের সামনের দিকের কাছে

**Maria L. Baldwin School**
*85 Oxford Street*
*Oxford Street*-এর প্রবেশপথের ডানপাশে

**O'Neill গ্রন্থাগার**
*70 Rindge Avenue*

## বহুভাষিক সংস্থানসমূহ:

বাংলা
አማርኛ
عربي
ESPAÑOL
中文
PORTUGUÊS
KREYÒL AYISYEN
ENGLISH

অনুগ্রহ করে নিশ্চিত করুন যে, আপনার ভোট দেওয়া ব্যালট জুরাত খামের (হলুদ খাম) ভিতরে সিল করা আছে এবং ড্রপ বাক্সে খামটি ঢোকানোর আগে জুরাত খামের উপর নিশ্চিতকরণ স্বাক্ষর করা হয়েছে।

# স্টেট প্রাইমারি, সেপ্টেম্বর 3
# 2024 সালের আগাম ভোটদানের নির্দেশিকা
CAMBRIDGE শহরে

## আগাম ভোট দিন! ডাকযোগে ভোট দিন!

Cambridge Election Commission আপনার সময়সূচী অনুযায়ী ভোট দেওয়াকে সহজ ও সুবিধাজনক করে তুলছে। ডাকযোগে বা স্বশরীরে আগাম ভোট দিন!

**স্বশরীরে আগাম ভোটদানের সময়কাল**
আগস্ট 24 — আগস্ট 30

সময় ও স্থান জানতে ভিতরে দেখুন!




## ভোটার নিবন্ধন

**অনলাইন:** www.RegisterToVoteMA.com
আপনার যদি মোটর গাড়ির আইডির নিবন্ধন না থাকে, তাহলে আপনাকে আপনার নিবন্ধন ফর্ম প্রিন্ট করতে হবে এবং 51 Inman St, Cambridge MA, 02139 ঠিকানায় Election Commission Office (নির্বাচন কমিশন অফিস)-এ মেইল করতে হবে।

**স্বশরীরে:**
Cambridge নির্বাচন কমিশন, 51 Inman Street, Cambridge, MA 02139 নিয়মিত অফিস সময়ে।

শনিবার, 24 শে আগস্ট, আপনি সকাল 9 টা থেকে বিকাল 3 টা পর্যন্ত যেকোন আগাম ভোটদানের স্থানে নিবন্ধন করতে পারেন অথবা নির্বাচন কমিশন অফিসে সকাল 9 টা থেকে বিকাল 5 টা পর্যন্ত।

**আপনার ভোটার নিবন্ধনের অবস্থা চেক করুন**
www.RegisterToVoteMA.com
অথবা 617-349-4361 নম্বরে নির্বাচন কমিশন অফিসে কল করতে পারেন।

**আপনার নাম, ঠিকানা বা রাজনৈতিক দল নিবন্ধন বা পরিবর্তন করার শেষ তারিখ হল শনিবার, আগস্ট *24*।**

# আগাম ভোটদান বোঝা

### আগাম ভোটদান কী?

আগাম ভোট হচ্ছে নির্বাচনের দিন আগে ভোট দেওয়ার সুযোগ। আপনি ব্যক্তিগতভাবে বা ডাকযোগে ভোট দিতে পারেন এবং নির্বাচনের দিনে আপনার ব্যালট আপনার জন্য দেওয়া হবে। আগাম ভোটের সময়কাল Massachusetts রাজ্য আইন দ্বারা নির্ধারিত হয়।

### কারা আগাম ভোট দিতে পারবেন?

Cambridge-এর যেকোনো নিবন্ধিত ভোটার আগাম ভোটদানের সময় ভোট দিতে পারবেন! অনুপস্থিত ব্যক্তির ভোটদান থেকে ভিন্ন, আপনার আগাম ভোট দেওয়ার জন্য কোনো অজুহাত বা কারণের প্রয়োজন নেই!

### আমি কোথায় আগাম ভোট দিতে পারব?

নির্বাচনের দিন থেকে ভিন্ন, আপনাকে ভোট দেওয়ার জায়গায় যেতে হবেনা। আপনি নিচে প্রদত্ত Cambridge-এর আগাম ভোটদানের বিস্তারিত স্থানের যেকোনো একটিতে যেতে পারেন। 51 Inman Street-এ **অবস্থিত Election Commission office**স্টেট প্রাইমারির জন্য আগাম ভোটদানের স্থান হবে না।

### আমি কখন আগাম ভোট দিতে পারি?

আগাম ভোটের সময়কাল শনিবার, আগস্ট 24, 2024 থেকে শুক্রবার, 30 আগস্ট, 2024 পর্যন্ত। সময়গুলি প্রতিদিন পরিবর্তিত হয় তাই নীচের সময়সূচীটি দেখুন।

### আমি যদি এর পরিবর্তে নির্বাচনের দিন ভোট দিতে চাই সেক্ষেত্রে কোন নিয়ম প্রযোজ্য হবে?

আপনি যদি আগাম ভোট না দেন, তবুও আপনি নির্বাচনের দিন আপনার নির্ধারিত ভোট দেওয়ার জায়গায় ভোট দিতে পারবেন। **অনুগ্রহ করে খেয়াল রাখবেন, আপনার ভোট দেওয়ার জায়গা পরিবর্তিত হতে পারে।**

নির্বাচনের দিনের আগে আপনি আপনার নির্ধারিত স্থানসহ একটি ভোটার নোটিফিকেশন পাবেন, অথবা আপনি সেটি দেখতে পারবেন এই ঠিকানায় www.cambridgema.gov/pollinglocations. মঙ্গলবার, সেপ্টেম্বর 3, 2024, সকাল 7 টা থেকে রাত 8 টা পর্যন্ত ভোট খোলা থাকবে। আপনি শুধুমাত্র একবার ভোট দিতে পারেন—যদি আপনি আগাম ভোটদানের ব্যালট জমা করেন, তাহলে আপনি নির্বাচনের দিনে ভোট দিতে পারবেন না।

# স্বশরীরেআগাম

| শনিবার আগস্ট 24 | রবিবার আগস্ট 25 | সোমবার আগস্ট 26 | মঙ্গলবার আগস্ট 27 | বুধবার আগস্ট 28 | বৃহস্পতিবার আগস্ট 29 | শুক্রবার আগস্ট 30 |
|---|---|---|---|---|---|---|
| সকাল 9 টা - বিকাল 3 টা | সকাল 9 টা - বিকাল 3 টা | সকাল 8:30 - রাত 8 টা | সকাল 8:30 - বিকেল 5 টা | সকাল 8:30 - বিকেল 5 টা | সকাল 8:30 - বিকেল 5 টা | সকাল 8:30 - বেলা 12 টা |

## স্বশরীরে আগাম ভোটদানের স্থানসমূহ

**Main Library** – *449 Broadway*
**Cambridge Water Department (কেমব্রিজ পানি অধিদপ্তর)** - *250 Fresh Pond Parkway*
**Valente Library (ভ্যালেন্টে লাইব্রেরি)**– *826 Cambridge Street, Berkshire Street*-এর পাশের প্রবেশপথ

51 Inman Street-এ অবস্থিত **Election Commission office** প্রেসিডেন্সিয়াল প্রাইমারির জন্য ভোটদানের স্থান হবেনা। ভোটারদের অবশ্যই উপরে তালিকাভুক্ত আগাম ভোটদান স্থানের যেকোনো একটিতে যেতে হবে।

# ডাকযোগে আগাম ভোটদান

**1।**

www.MailMyBallotMA.com থেকে একটি আবেদন ফরম ডাউনলোড করুন অথবা আপনার নাম, Cambridge-এর ঠিকানা, যে ঠিকানায় আপনি ব্যালট পাঠাতে চান সেটি এবং আপনার স্বাক্ষরসহ একটি লিখিত অনুরোধ পাঠান। **যেসব ভোটাররা তালিকাভুক্ত নন তাদেরকে অবশ্যই নির্দেশ করতে হবে যে তারা কোন দলের ব্যালট চাইবেন।**

আপনি যদি ডেমোক্রেটিক বা রিপাবলিকান পার্টিতে নিবন্ধিত হন, তবে আপনি শুধুমাত্র সেই দলের ব্যালটে ভোট দিতে পারবেন। আপনি যদি তালিকাভুক্ত না হন (সাধারণত স্বতন্ত্র হিসেবে উল্লেখ করা হয়), তবে আপনি প্রাথমিকভাবে ভোট দেওয়ার জন্য একটি দলীয় ব্যালট বেছে নিতে পারেন এবং তালিকা বহির্ভূত থাকতে পারেন।

**2।**

ইমেইল, ফ্যাক্স, বা ডাকযোগে আপনার স্বাক্ষরিত আবেদন পাঠান। আপনি যদি আপনার আবেদনটি ইমেইল করতে চান, তাহলে আপনাকে এমনভাবে স্বাক্ষর করতে হবে যা আপনার হাতে-লেখা স্বাক্ষরের সাথে মিলবে। ইলেকট্রনিক স্বাক্ষর, স্ক্যান করা আবেদন, ও আবেদনের ছবি গ্রহণযোগ্য। টাইপ করা স্বাক্ষর গ্রহণ করা হবেনা।

**ইমেইল:** elections@cambridgema.gov
**ফ্যাক্স:** 617-349-4366
**ডাকযোগে:** Cambridge Election Commission, 51 Inman Street Cambridge, MA 02139

**3।**

**আপনার ব্যালট ফেরত দেওয়া বিকল্পসমূহ:**

- আপনার ব্যালটের সাথে দেওয়া ডাক-প্রদত্ত খাম ব্যবহার করে ডাকযোগে ব্যালট ফেরত দিন।
- নিধারিত আগাম ভোটদানের সময় আগাম ভোটদান নিধারিত স্থানের একজন নিবাচনী কমকর্তার কাছে সিল করা ব্যালট খামটি ফেরত দিন।
- Cambridge-এ অবস্থিত ছয় (6) টি ব্যালট ড্রপ বাক্সের যেকোনো একটিতে আপনার ব্যালট পৌঁছে দিন। ড্রপ বাক্সের স্থান এই গাইডের শেষ পৃষ্ঠায় তালিকাভুকত রয়েছে।



## গুরুত্বপূর্ণ সময়সীমা

**ব্যালটের জন্য অনুরোধ করার সময়সীমা:** সোমবার, আগস্ট *26* বিকেলে *5* টা।
Election Commission সময়মতো ডেলিভারি নিশ্চিত করতে যত তাড়াতাড়ি সম্ভব আবেদন করার সুপারিশ করে।
**ব্যালট ফেরত দেওয়ার শেষ সময়:** মঙ্গলবার, সেপ্টেম্বর 3 রাত 8 টা।

**অনলাইনে আপনার ব্যালট চিহ্নিত করুন!**
www.TrackMyBallotMA.com

**কোনো প্রশ্ন আছে কি?**

আমাদের ওয়েবসাইট দেখুনCambridgeMA.gov/EarlyVoting
617-349-4361 নম্বরে Election Commission Office অফিসে কল করুন
আমাদেরকে ইমেইল করুন এই ঠিকানায়
elections@cambridgema.gov

আপনার আবেদনে সাহায্য করার জন্য Election Commission-এ যোগাযোগ করতে আপনার যদি দোভাষীর প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে 617-865-2273 নম্বরে কল করুন। একজন দোভাষী আপনাকে শহরের প্রতিনিধির সাথে যোগাযোগ করিয়ে দিবেন।